

🔳 আত-তাকাসুর | At-Takathur | اُلتَّكَاثُر

আয়াতঃ ১০২ : ৩

💵 আরবি মূল আয়াত:



কখনো নয়, শীঘ্রই তোমরা জানবে, — আল-বায়ান

(তোমরা যে ভুল ধারণায় ডুবে আছো তা) মোটেই ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে, — তাইসিরুল

এটা সংগত নয়, তোমরা শীঘ্রই এটা জানতে পারবে। — মুজিবুর রহমান

No! You are going to know. — Sahih International

- ৩. কখনো নয়, তোমরা শীঘ্রই জানতে পারবো(১);
 - (১) অর্থাৎ তোমরা ভুল ধারণার শিকার হয়েছ। বৈষয়িক সম্পদের এ প্রাচুর্য এবং এর মধ্যে পরস্পর থেকে অগ্রবর্তী হয়ে যাওয়াকেই তোমরা উন্নতি ও সাফল্য মনে করে নিয়েছো। অথচ এটা মোটেই উন্নতি ও সাফল্য নয়। অবশ্যই অতি শীঘ্রই তোমরা এর অশুভ পরিণতি জানতে পারবে। [ইবন কাসীর, আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- ৩। কখনও নয়, [1] তোমরা শীঘ্রই জানতে পারবে।
 - [1] অর্থাৎ, তোমরা যে আধিক্যের প্রতিযোগিতা ও গর্বে মত্ত আছ, তা কিন্তু ঠিক নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6171

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন